



ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ শাহগীর আলম জেলাপ্রশাসক
সভার তারিখ	০২ মার্চ ২০২৩
সভার সময়	সকাল ১১.৩০ টা
স্থান	জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা, সকল বিভাগীয় প্রধান, রাজনৈতিক, সামাজিক ও ধর্মীয় নেতৃবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, এনজিও প্রতিনিধি এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকসহ সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমেই তিনি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী সকল বীর শহিদদের গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন এবং সভাপতিসহ সভায় উপস্থিত সদস্যগণ তাঁদের স্মরণে দাঁড়িয়ে ১ মিনিট নীরবতা পালন করেন।

অতঃপর তিনি প্রতি বছরের ন্যায় এবারও ব্রাহ্মণবাড়িয়া জেলায় মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে 'ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩' যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করার আশাবাদ ব্যক্ত করেন। উপজেলা পর্যায়েও রাষ্ট্রীয় কর্মসূচির আলোকে দিবসটি পালন করা হবে মর্মে সভাপতি সভায় উল্লেখ করেন। তিনি সভাকে আরো অবহিত করেন যে, মহান স্বাধীনতার মাস ও ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন ও জেলা পুলিশ ব্রাহ্মণবাড়িয়া নিয়াজ মুহাম্মদ স্টেডিয়ামে "জয় বাংলা কনসার্ট" আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে। এ বিষয়ে তিনি সভায় উপস্থিত সকলের সুচিন্তিত মতামত ব্যক্ত করার অনুরোধ জানান। অতঃপর তিনি সভায় উপস্থিত সকলকে প্রয়োজনীয় পরামর্শ দেয়ার এবং অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক), ব্রাহ্মণবাড়িয়াকে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত "ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩" উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী পাঠ করে শুনানোর অনুরোধ জানান।

জনাব মোঃ সাইফুল ইসলাম, অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক), সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত "ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩" উদ্‌যাপন উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীতে অনুমোদিত জাতীয় কর্মসূচি পাঠ করে শোনান। তিনি আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুসারে স্থানীয় পর্যায়ে কর্মসূচি গ্রহণের প্রস্তাব করেন। বর্ণিত বিষয়ে সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের মতামতের ভিত্তিতে নিম্নলিখিত কর্মসূচি গৃহীত হয়:

**ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি**

ক্র: নং.	তারিখ ও সময়	কর্মসূচি	স্থান/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	০১-০৭ মার্চ ২০২৩	জেলার সকল গুরুত্বপূর্ণ স্থানে ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণসহ সংশ্লিষ্ট আলোকচিত্র, তথ্যচিত্র এবং বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর ডকুমেন্টারি ও চলচ্চিত্র প্রদর্শনী।	জেলার সকল গুরুত্বপূর্ণ স্থানসমূহ; জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া
০২.	০৬ মার্চ ২০২৩ বিকাল ৩.০০ টা	ঐতিহাসিক ৭ই মার্চ এর তাৎপর্য বিষয়ক আলোচনা সভা।	নিয়াজ মুহাম্মদ স্টেডিয়াম; জেলা প্রশাসন ব্রাহ্মণবাড়িয়া

০৩.	০৬ মার্চ ২০২৩ বিকাল ৪.০০ টা	মহান স্বাধীনতার মাস ও ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩ উদযাপন উপলক্ষ্যে 'জয় বাংলা কনসার্ট'।	নিয়াজ মুহাম্মদ স্টেডিয়াম; জেলা প্রশাসন ও জেলা পুলিশ ব্রাহ্মণবাড়িয়া
০৪.	০৭ মার্চ ২০২৩ সূর্যোদয়ের সাথে সাথে	সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত দপ্তর/প্রতিষ্ঠানসমূহ এবং বেসরকারি ভবনসমূহে সঠিক নিয়মে, সঠিক রঙ ও মাপের জাতীয় পতাকা উত্তোলন।	শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত দপ্তর/প্রতিষ্ঠান প্রধানগণ এবং বেসরকারি ভবন মালিকগণ
০৫.	০৭ মার্চ ২০২৩ সকাল ০৯.০০ টা	বঙ্গবন্ধু স্কয়ারে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও গার্ড অব অনার প্রদান।	বঙ্গবন্ধু স্কয়ার, ব্রাহ্মণবাড়িয়া; সংশ্লিষ্ট সকল
০৬.	০৭ মার্চ ২০২৩ সকাল ০৯.০০ টা	জেলা শিশু একাডেমির উদ্যোগে ৭ই মার্চের ভাষণ প্রতিযোগিতা, চিত্রাঙ্কন ও কুইজ প্রতিযোগিতা	জেলা পরিষদ মিলনায়তন; জেলা শিশু একাডেমি, ব্রাহ্মণবাড়িয়া
০৭.	০৭ মার্চ ২০২৩ সকাল ০৯.৩০ টা	ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩ উদযাপন উপলক্ষ্যে রক্তদানসহ রক্তের গুপ নিৰ্ণয়, রক্তের শর্করার পরিমাণ নিৰ্ণয়, ওজন মাপা ইত্যাদি কর্মসূচির আয়োজন।	বঙ্গবন্ধু স্কয়ার, ব্রাহ্মণবাড়িয়া; রেড ক্রিসেন্ট সোসাইটি, ব্রাহ্মণবাড়িয়া ইউনিট
০৮.	০৭ মার্চ ২০২৩	জেলা শিক্ষা অফিস ও জেলা প্রাথমিক শিক্ষা অফিস ব্রাহ্মণবাড়িয়ার উদ্যোগে আন্তঃস্কুল কুইজ প্রতিযোগিতা।	জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ, ব্রাহ্মণবাড়িয়া
০৯.	০৭ মার্চ ২০২৩	ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩ উদযাপন উপলক্ষ্যে কলেজ পর্যায়ে রচনা ও কুইজ প্রতিযোগিতা।	অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ; অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া সরকারি মহিলা কলেজ ও অন্যান্য কলেজ
১০.	০৭ মার্চ ২০২৩	ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩ উদযাপন উপলক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়ার উদ্যোগে প্রশিক্ষার্থীদের নিয়ে রচনা প্রতিযোগিতা।	উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া

ক) মহান স্বাধীনতার মাস ও ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩ উদযাপন উপলক্ষ্যে সুষ্ঠুভাবে আলোচনা সভা ও 'জয় বাংলা কনসার্ট' আয়োজনের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক.১) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া ৬ মার্চ ২০২৩ তারিখে নিয়াজ মুহাম্মদ স্টেডিয়ামে আয়োজিত আলোচনা সভা ও "জয় বাংলা কনসার্ট" অনুষ্ঠানে আইন-শৃংখলা রক্ষাসহ পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। কোম্পানি কমান্ডার, র্যাব -০৯, হবিগঞ্জ এবং জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ব্রাহ্মণবাড়িয়া এ ব্যাপারে জেলা পুলিশ, ব্রাহ্মণবাড়িয়ার সঙ্গে সমন্বয়পূর্বক আইন-শৃংখলা রক্ষার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

ক.২) সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া ৬ মার্চ ২০২৩ তারিখে নিয়াজ মুহাম্মদ স্টেডিয়ামে আয়োজিত "জয় বাংলা কনসার্ট" এ আগতদের জ্বরুরি স্বাস্থ্য পরিস্থিতি মোকাবেলায় পর্যাপ্ত সংখ্যক ডাক্তারের সমন্বয়ে প্রয়োজনীয় প্রস্তুতিসম্পন্ন মেডিক্যাল টিম এবং এ্যাম্বুলেন্স কার্যকরভাবে প্রস্তুত রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ক.৩) জেলা পুলিশ ব্রাহ্মণবাড়িয়া ৬ মার্চ ২০২৩ তারিখে নিয়াজ মুহাম্মদ স্টেডিয়ামে আয়োজিত 'জয় বাংলা কনসার্ট' এ দর্শনার্থীদের প্রবেশের জন্য আর্চওয়ে নির্মাণ করবে।

ক.৪) স্টেডিয়ামের প্রবেশমুখে আগত দর্শনার্থীদের নিরাপত্তার জন্য নিয়োজিত পুলিশকে সহযোগিতা প্রদানের নিমিত্ত ৩২ সদস্য বিশিষ্ট রোভার ও বিএনসিসি দল প্রস্তুত থাকবে। সম্পাদক, রোভার স্কাউট এবং পিইউও/টিইউও, বিএনসিসি, ব্রাহ্মণবাড়িয়া এ বিষয়টি নিশ্চিতকল্পে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

ক.৫) জেলা পুলিশ ব্রাহ্মণবাড়িয়া ৬ মার্চ ২০২৩ তারিখে নিয়াজ মুহাম্মদ স্টেডিয়ামে আয়োজিত 'জয় বাংলা কনসার্ট' এ পর্যাপ্ত

নিরাপত্তা নিশ্চিত করতে সিসিটিভি স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা জেলা পুলিশকে এ বিষয়ে যথাযথ সহযোগিতা প্রদান করবে।

ক.৬) ‘জয় বাংলা কনসার্ট’-এ আগত মহিলা দর্শনার্থীদের আলাদা স্থানে বসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

ক.৭) ৬ মার্চ ২০২৩ তারিখ বিকাল ৩.০০ টায় নিয়াজ মুহাম্মদ স্টেডিয়ামে “ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩” এর গুরুত্ব ও তাৎপর্য বিষয়ক আলোচনা অনুষ্ঠান আয়োজন করা হবে।

ক.৮) জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া ৬ মার্চ ২০২৩ তারিখে নিয়াজ মুহাম্মদ স্টেডিয়ামে আয়োজিত ‘জয় বাংলা কনসার্ট’ এর বিষয়ে ব্যাপক প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবেন।

ক.৯) উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস গ্র্যান্ড সিভিল ডিফেন্স, ব্রাহ্মণবাড়িয়া ৬ মার্চ ২০২৩ তারিখে নিয়াজ মুহাম্মদ স্টেডিয়ামে আয়োজিত ‘জয় বাংলা কনসার্ট’ উপলক্ষ্যে মাঠ ধূলাবালি মুক্ত অবস্থায় রাখার জন্য মাঠে উপযুক্ত সময়ে পানি ছিটানোর ব্যবস্থা করবেন এবং অগ্নি নির্বাপন সংক্রান্ত নিরাপত্তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ক.১০) নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বিক্রয় ও বিতরণ-১, ব্রাহ্মণবাড়িয়া অনুষ্ঠানস্থলে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবেন।

ক.১১) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, ব্রাহ্মণবাড়িয়া ৬ মার্চ ২০২৩ তারিখে নিয়াজ মুহাম্মদ স্টেডিয়ামে আয়োজিত ‘জয় বাংলা কনসার্ট’ চলাকালীন আগত দর্শনার্থীদের জন্য সুপেয় পানির ব্যবস্থা রাখবেন।

ক.১২) সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, ব্রাহ্মণবাড়িয়া ‘জয় বাংলা কনসার্ট’ এর ব্যাপক প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবেন।

**খ) “ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩” সুষ্ঠুভাবে ও যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ**

খ.১) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত সকল অনুষ্ঠানস্থলে আইন-শৃংখলা রক্ষাসহ পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

খ.২) কোম্পানি কমান্ডার, র্‌যাব-০৯, হবিগঞ্জ এবং জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ব্রাহ্মণবাড়িয়া দিবসের সকল অনুষ্ঠানে জেলা পুলিশ, ব্রাহ্মণবাড়িয়ার সঙ্গে সমন্বয়পূর্বক আইন-শৃংখলা রক্ষার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

খ.৩) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া বঙ্গবন্ধু স্কয়ারে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে জেলা পুলিশ কর্তৃক গার্ড অব অনার প্রদান করার বিষয়টি নিশ্চিত করবেন এবং বঙ্গবন্ধু স্কয়ারে অর্পিত ফুলগুলো আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী কর্তৃক ৭ মার্চ সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত সাজিয়ে রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

খ.৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা, ব্রাহ্মণবাড়িয়া বঙ্গবন্ধু স্কয়ার প্রাঙ্গণকে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের উপযোগী করার জন্য বঙ্গবন্ধু স্কয়ার ও এর আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন এবং রঙ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া “ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩” উদ্‌যাপন উপলক্ষ্যে শহরের ফারুকী পার্ক, কুমারশীল মোড়, কাউতলী মোড়, বঙ্গবন্ধু স্কয়ারসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান ও স্থাপনাসমূহ এবং সকল অনুষ্ঠানস্থল পরিষ্কার-পরিচ্ছন্ন এবং যথাযথ ভাবগাম্ভীর্যে সজ্জিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

খ.৫) পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে সরকারি নির্দেশনা অনুসরণ করে স্বাস্থ্যবিধি মেনে প্রতিটি সরকারি, আধাসরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত দপ্তর/প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান এবং রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, পেশাজীবীসহ অন্যান্য সংগঠন/সংস্থার পক্ষ হতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করা হবে।

খ.৬) সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত সকল অনুষ্ঠানস্থলে আগতদের জরুরি স্বাস্থ্য পরিস্থিতি মোকাবেলায় পর্যাপ্ত সংখ্যক ডাক্তারের সমন্বয়ে প্রয়োজনীয় প্রস্তুতিসম্পন্ন মেডিক্যাল টিম এবং গ্র্যান্ডুলেন্স কার্যকরভাবে প্রস্তুত রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

খ.৭) ৬ মার্চ ২০২৩ তারিখ বিকাল ৩.০০ টায় নিয়াজ মুহাম্মদ স্টেডিয়ামে “ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩” এর গুরুত্ব ও তাৎপর্য বিষয়ক আলোচনা অনুষ্ঠান আয়োজন করা হবে।

খ.৮) উপপরিচালক, স্থানীয় সরকার, ব্রাহ্মণবাড়িয়া স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক এবং জেলা পর্যায়ে গৃহীত কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) কর্তৃক ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়টি নিশ্চিত করবেন।

খ.৯) জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে জেলার সকল গুরুত্বপূর্ণ স্থানে ও উপজেলা পর্যায়ে ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণসহ দিবস সংশ্লিষ্ট আলোকচিত্র, তথ্যচিত্র এবং বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর ডকুমেন্টারি ও চলচ্চিত্র প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন।

- খ.১০) জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সকল অনুষ্ঠানস্থলে যথাসময়ে শব্দযন্ত্র সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা উত্তোলনের বিষয়ে ব্যাপক প্রচারণা চালাবেন। এছাড়া দিবসটি পালনে গৃহীত কর্মসূচিসমূহ সফল করতে ব্যাপক প্রচারণা চালাতে হবে।
- খ.১১) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি দপ্তর প্রতিষ্ঠানের প্রধানগণ, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ এবং ভবন মালিকগণ সূর্যোদয়ের সাথে সাথে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা উত্তোলন করবেন। পতাকা উত্তোলনের ক্ষেত্রে বাংলাদেশ ফ্লাগ রুলস সঠিকভাবে অনুসরণ করতে হবে।
- খ.১২) অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া সরকারি মহিলা কলেজ ও অন্যান্য কলেজ ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩ উপলক্ষ্যে কলেজ পর্যায়ে রচনা ও কুইজ প্রতিযোগিতা আয়োজন করবেন।
- খ.১৩) জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ব্রাহ্মণবাড়িয়া ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩ উপলক্ষ্যে আন্তঃস্কুল কুইজ প্রতিযোগিতার আয়োজন করবেন।
- খ.১৪) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক পরিকল্পিতভাবে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন করে দিবসটি উদ্‌যাপন করবে।
- খ.১৫) জেলা শিশু একাডেমি, ব্রাহ্মণবাড়িয়া ঐতিহাসিক ৭ই মার্চ দিবস-২০২৩ উপলক্ষ্যে ৭ই মার্চের ভাষণ, চিত্রাঙ্কন ও বঙ্কিবন্ধু বিষয়ক কুইজ প্রতিযোগিতা এবং বাংলাদেশ শিশু একাডেমির নির্দেশনা মোতাবেক যথাযথ অনুষ্ঠান আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- খ.১৬) জেলা প্রশাসন ব্রাহ্মণবাড়িয়া শহরের গুরুত্বপূর্ণ স্থানসমূহে বঙ্কিবন্ধুর ঐতিহাসিক ভাষণের বিভিন্ন গুরুত্বপূর্ণ ও তাৎপর্যপূর্ণ অংশবিশেষ সংবলিত ফেস্টুন দ্বারা সজ্জিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- খ.১৭) বিশ্বরোড মোড়ে অবস্থিত আবদুল কুদ্দুস মাখন স্মৃতি সরণি এবং জেলার অন্যান্য গুরুত্বপূর্ণ স্থান ও স্থাপনাসমূহ; সড়কদ্বীপ, ও সকল বেসরকারি মার্কেট ও সুউচ্চ ভবনসমূহে আলোকসজ্জা করতে হবে।
- খ.১৮) ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে আখাউড়া স্থলবন্দর এবং কসবা, বিজয়নগর ও আশুগঞ্জে জেলা প্রবেশমুখে সুসজ্জিত তোরণ নির্মাণ করতে হবে, তোরণে লেখা থাকবে “ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩”।
- খ.১৯) সভাপতি/সাধারণ সম্পাদক, রেড ক্রিসেন্ট, ব্রাহ্মণবাড়িয়া ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে রক্তদানসহ রক্তের গুপ নিৰ্ণয়, রক্তের শর্করার পরিমাণ নিৰ্ণয়, ওজন মাপা ইত্যাদি কর্মসূচির আয়োজন করবেন।
- খ.২০) ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচিতে সকল সরকারি দপ্তর/প্রতিষ্ঠান প্রধানগণ নিজ নিজ দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- খ.২১) উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এ্যান্ড সিভিল ডিফেন্স, ব্রাহ্মণবাড়িয়া বঙ্কিবন্ধু স্কয়ার প্রাঙ্গণ ৭ই মার্চ ২০২৩ ভোর হতে মধ্যাহ্ন পর্যন্ত ধুলাবালি মুক্ত অবস্থায় রাখার জন্য ০৬ মার্চ তারিখে উপযুক্ত সময়ে পানি ছিটানোর ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া তিনি দিবসের সকল অনুষ্ঠানস্থলে অগ্নি নির্বাপন সংক্রান্ত নিরাপত্তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- খ.২২) নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বিক্রয় ও বিতরণ-১, ব্রাহ্মণবাড়িয়া দিবসের সকল কর্মসূচিতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবেন।
- খ.২৩) সকল উপজেলা নির্বাহী অফিসার জেলার অনুরূপ কর্মসূচি প্রণয়ন করে উপজেলায় ‘ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩’ যথাযোগ্য মর্যাদায় আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- খ.২৪) জেলা পর্যায়ে গৃহীত সকল কর্মসূচিতে ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলা সংযুক্ত থাকবে।

পরিশেষে সভাপতি “ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩” যথাযোগ্য মর্যাদায়, স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সুষ্ঠু ও সুন্দরভাবে উদ্‌যাপনে গৃহীত সকল কর্মসূচিতে এ জেলার প্রতিটি সরকারি-বেসরকারি ও স্বায়ত্তশাসিত দপ্তর, বিভাগ ও প্রতিষ্ঠান এবং সকল সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক ও পেশাজীবী সংগঠনসহ সর্বস্তরের জনগণের আন্তরিক ও দায়িত্বশীল সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ শাহগীর আলম

স্মারক নম্বর: ০৫.৪২.১২০০.০০৮.২৩.০২০.২২.২৯৫

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৯

০৪ মার্চ ২০২৩

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ
- ৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৫) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৭) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ৮) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
- ৯) চেয়ারম্যান, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া
- ১০) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া
- ১১) মেয়র, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা, ব্রাহ্মণবাড়িয়া
- ১২) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
- ১৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া।
- ১৪) অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া সরকারী কলেজ/ব্রাহ্মণবাড়িয়া সরকারী মহিলা কলেজ/ব্রাহ্মণবাড়িয়া টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ।
- ১৫) ....., ব্রাহ্মণবাড়িয়া
- ১৬) অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি)/(সার্বিক), ব্রাহ্মণবাড়িয়া।
- ১৭) উপপরিচালক (ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার, ব্রাহ্মণবাড়িয়া।
- ১৮) চেয়ারম্যান, উপজেলা পরিষদ.....(সকল), ব্রাহ্মণবাড়িয়া
- ১৯) মেয়র, পৌরসভা.....(সকল), ব্রাহ্মণবাড়িয়া
- ২০) নির্বাহী প্রকৌশলী (সকল), ব্রাহ্মণবাড়িয়া।
- ২১) উপপরিচালক....., ব্রাহ্মণবাড়িয়া
- ২২) জেলা....., কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া
- ২৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
- ২৪) ....., ব্রাহ্মণবাড়িয়া
- ২৫) অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার....., ব্রাহ্মণবাড়িয়া।
- ২৬) জনাব....., সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (সকল), জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
- ২৭) সহকারী পরিচালক/সহকারী প্রকৌশলী/উপ-সহকারী পরিচালক....., ব্রাহ্মণবাড়িয়া
- ২৮) পৌর নির্বাহী কর্মকর্তা, পৌরসভা.....(সকল), ব্রাহ্মণবাড়িয়া
- ২৯) জনাব....., ব্রাহ্মণবাড়িয়া
- ৩০) অফিস কপি



মোঃ সাইফুল ইসলাম  
অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক)